

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 03-12-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) BLO-রা আজ থেকে যে সব এন্যুমারেশন ফর্ম সংগ্রহ করবেন, সেগুলি দৈনিক ভিত্তিতে আপলোড করার নির্দেশ দিয়েছে নির্বাচনী কমিশন।
- ২) পশ্চিমবঙ্গে ১-শো দিনের কাজ প্রকল্প ফের চালু করার জন্য নিয়মাবলী এবং কর্ম প্রক্রিয়ায় পুনর্বিবেচনা ও পরিমার্জনের কাজ চলছে বলে গ্রামোন্যন মন্ত্রক জানিয়েছে।
- ৩) প্রাথমিকে ৩২ হাজার শিক্ষক নিয়োগ সংক্রান্ত মামলায় আজ রায় ঘোষণা করবে কলকাতা হাইকোর্ট।
- ৪) আজ আন্তর্জাতিক দিব্যাঙ্গ দিবস। এবার দিনটি পালনের মূল ভাবনা : "বিশেষভাবে সক্ষমদের সমাজে সক্রিয় অন্তর্ভুক্তির মাধ্যমে সামাজিক অগ্রগতি নিশ্চিত করা"
- ৫) কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা কিছুটা কমেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

BLO-রা আজ থেকে যে সব এন্যুমারেশন ফর্ম সংগ্রহ করবেন, সেগুলি দৈনিক ভিত্তিতে আপলোড করতে হবে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল নির্দেশ দিয়েছেন। রাজ্যের সমস্ত নির্বাচন নিবন্ধন আধিকারিক বা ERO-দের

লেখা এক চিঠিতে শ্রী আগরওয়াল জানিয়েছেন, এনিউমারেশন পর্বের সময়সীমা বাড়ায় তারা খসড়া ভোটার তালিকা আরো নির্ভুলভাবে প্রকাশ করার সুযোগ পেয়েছেন। ১১ই ডিসেম্বরের মধ্যে যেসব ফর্ম জমা পড়বে না, সেগুলিকে ‘আনকালেটেবল’ হিসেবে গণ্য করা হবে এবং সেই স্টেটাস পোর্টালেও প্রতিফলিত হবে। এই সময়ের মধ্যে কোথাও অস্থায়ী কর্মী ডেটা এন্ট্রি করেছেন কি না, তাও খতিয়ে দেখতে হবে। কোনও ত্রুটি ধরা পড়লে তার দায় বহন করতে হবে সংশ্লিষ্ট BLO-কে।

এদিকে, এন্যুমারেশন ফর্মে তথ্য যাচাই-এর জন্য বেশকিছু নির্দেশিকা দেওয়া হয়েছে। ২০০২ সালের ভোটার তালিকায় ৬০ বছর বা তার বেশি বয়সী ভোটারদের তথ্য ফের যাচাই করার কথা বলা হয়েছে। একই সঙ্গে ২০২৫ সালের খসড়া তালিকায় অভিভাবকের নাম মিলছে না এমন ক্ষেত্রে পুনরায় তথ্য পর্যালোচনা করতে হবে। আবার ২০০২ সালের তালিকায় অভিভাবকের নাম থাকলেও ভোটারের বয়সের ব্যবধান ৪৫ বছরের বেশি বা ১৮ বছরের কম হলে সেখানেও পুনরায় যাচাই বাধ্যতামূলক করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

SIR-এর কাজ চলাকালীন মৃত BLO এবং সাধারণ নাগরিকদের পরিবারের সদস্যদের জন্য অর্থ সহায়তার কথা ঘোষণা করেছেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। নবান্নে গতকাল সাংবাদিকদের তিনি বলেন, মৃতদের পরিবার পিছু এককালীন দু-লক্ষ এবং যারা অসুস্থ হয়ে চিকিৎসাধীন, তাঁদের এক লক্ষ টাকা করে অর্থ সহায়তা দেওয়া হবে।

(বাইট- মমতা)

মুখ্যমন্ত্রীর এই ঘোষণাকে তীব্র কটাক্ষ করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। মালদায় গতকাল এক অনুষ্ঠানে তিনি বলেন, SIR আতঙ্কে মৃত্যুর যে অভিযোগ তোলা হচ্ছে, তার নিরপেক্ষ তদন্ত করা প্রয়োজন।

(বাইট- শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের অন্যান্য জেলার সঙ্গে মুর্শিদাবাদে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনের কাজ এগিয়ে চলেছে। জেলায় মোট ভোটারের সংখ্যা ৫৭ লক্ষ ৬৪ হাজারের কিছু বেশি, তার মধ্যে প্রায় ৯০ শতাংশ এনুমারেশন ফর্ম ইতমধ্যেই সংগ্রহ করে আপলোড করা হয়ে গেছে বলে জেলা প্রশাসন সূত্রে খবর। SIR-এর সময়সীমা এবং বুথ লেভেল আধিকারিকদের সাম্মানিক বৃদ্ধি পাওয়ায় সন্তোষ প্রকাশ করেছেন অনেক বিএলও। মুর্শিদাবাদের রানীনগর বিধানসভার ৮০ নম্বর বুথের বিএলও আবু রাকেশ সিদ্দিকির সঙ্গে কথা বলেছেন আমাদের জেলা সংবাদদাতা মামুন ফারুক।

(বাইট- আবু রাকেশ)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

SIR-এর কাজ খতিয়ে দেখতে নির্বাচন কমিশন নিযুক্ত রোল অবজার্ভার বা পর্যবেক্ষকরা বিভিন্ন জেলা সফর করছেন। পর্যবেক্ষক দলের সদস্য সি মুরুগান গতকাল দক্ষিণ ২৪ পরগণার ক্যানিং-এ মহকুমা শাসকের দফতরে সব রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। এরপর বিএলও সুপারভাইজারদের সঙ্গেও কথা বলেন তিনি। প্রতিটি এন্যুমারেশন ফর্ম সঠিকভাবে যাচাই করার নির্দেশ দেওয়ার পাশাপাশি কোনও বুথে সন্দেহজনক কিছু মনে হলে সরেজমিনে সেই এলাকায় গিয়ে তা খতিয়ে দেখার কথা বলে হয়েছে তাদের। যোগ্য ভোটারের নাম যাতে বাদ না পড়ে তা নিশ্চিত করতেও নির্দেশ দিয়েছেন সি মুরুগান।

অন্যদিকে, পর্যবেক্ষক দলে অপর সদস্য দেবীপ্রসাদ করণম গতকাল পুরলিয়া পৌঁছে জেলাশাসকের দপ্তরে জেলা নির্বাচনী আধিকারিকের সঙ্গে বৈঠক করেন। উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক এবং অন্যান্য আধিকারিকরা। এসআইআর ফর্ম সংগ্রহ, ডিজিটাইজেশন সহ বিভিন্ন বিষয়ে তাদের কথা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মতুযাদের নাগরিকত্ব ও ভোটাধিকার নিশ্চিত করার বিষয় কেন্দ্র ও রাজ্য সরকারকে পদক্ষেপ নেওয়ার আবেদন জানিয়েছেন কংগ্রেস নেতা অধীর চৌধুরী। সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন, সংসদের শীতকালীন অধিবেশনে এব্যাপারে অধ্যাদেশ এনে মতুযাদের পাশে দাঁড়ানো উচিত।

(বাইট - অধীর)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে ১-শো দিনের কাজ প্রকল্প ফের চালু করার জন্য নিয়মাবলী এবং কর্ম প্রক্রিয়ায় পুনর্বিবেচনা ও পরিমার্জনের কাজ চলছে বলে গ্রামোন্নয়ন মন্ত্রক জানিয়েছে। লোকসভায় গতকাল এক লিখিত প্রশ্নের উত্তরে গ্রামোন্নয়নমন্ত্রী কমলেশ পাসওয়ান জানিয়েছেন, এক্ষেত্রে বেশকিছু শর্ত বেঁধে দেওয়া হবে।

উল্লেখ্য, ভুয়ো জব কার্ড এবং অযোগ্য ব্যক্তিদের সুবিধা পাইয়ে দেওয়ার মতো অনিয়মের অভিযোগ আসায় ২০২২-এর মার্চ মাস থেকে এরাজ্য M G নারেগা বা ১-শো দিনের প্রকল্পের টাকা বন্ধ করে দেয় কেন্দ্র। কলকাতা হাইকোর্ট গত জুন মাসে ১-শো দিনের কাজ পুনরায় চালু করার নির্দেশ দেয়। সুপ্রিম কোর্টও একই রায় বহাল রেখেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রাথমিকে ৩২ হাজার শিক্ষক নিয়োগ মামলায় আজ রায় ঘোষণা করবে কলকাতা হাইকোর্ট। বিচারপতি তপোব্রত চক্ৰবৰ্তী ও বিচারপতি ঋতুবৰ্তু কুমার মিত্রের ডিভিশন বেঞ্চ দুপুর ২ টোয় রায় ঘোষণা করবেন। গত ১২ই নভেম্বর এই মামলার শুনানি শেষে

রায়দান স্থগিত রাখেন দুই বিচারপতির বেঞ্চ। ২০১৪ সালের টেটের ভিত্তিতে ২০১৬ সালে প্রাথমিকে ৪২ হাজার ৫০০-র বেশি শিক্ষক নিয়োগ হয়। এরপর অনিয়মের অভিযোগ ওঠায় ২০২৩ সালে কলকাতা হাইকোর্টের তৎকালীন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় প্রশিক্ষণহীন ৩২ হাজার শিক্ষকের চাকরি বাতিলের নির্দেশ দেন। সেই রায়কে চ্যালেঞ্জ জানিয়ে ডিভিশন বেঞ্চে ঘায় প্রাথমিক শিক্ষা পর্যবেক্ষণ ও চাকরি হারানোদের একাংশ। তৎকালীন বিচারপতি সুরত তালুকদার এবং বিচারপতি সুপ্রতিম ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ, একক বেঞ্চের চাকরি বাতিলের নির্দেশের উপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়ে ফের পরীক্ষা নেওয়ার কথা বলেন। এরপর সুপ্রিমকোর্ট ঘুরে মামলা ফেরত আসে কলকাতা হাইকোর্টে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে আজ আন্তর্জাতিক দিব্যাঙ্গ দিবস পালিত হচ্ছে। এবার দিনটি পালনের মূল ভাবনা : "বিশেষভাবে সক্ষমদের সমাজে সক্রিয় অন্তর্ভুক্তির মাধ্যমে সামাজিক অগ্রগতি নিশ্চিত করা" (Fostering disability inclusive societies for advancing social progress)

এই উপলক্ষে আজ উত্তর ২৪ পরগনার বনভূগলিতে ন্যাশনাল ইনসিটিউট ফর লোকোমোটর ডিসঅ্যাবিলিটিজ-এ সাংস্কৃতিক অনুষ্ঠান, বসে আকো প্রতিযোগিতা ও বিভিন্ন খেলাধুলার আয়োজন করা হয়েছে। বিশেষভাবে সক্ষম বহু মানুষ এতে অংশ নেবেন।

গোলপার্ক রামকৃষ্ণ মিশনে গণ উন্নয়ন পর্যবেক্ষণ ও দৃষ্টিহীন শিল্পীদের সংগীত সংগঠন থির বিজুরি'র যৌথ উদ্যোগে বিশেষভাবে সক্ষম মানুষদের জন্য বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

শিয়ালদা - কল্যাণী শাখায় আগামীকাল শীতাতপ নিয়ন্ত্রিত লোকাল ট্রেন পরিষেবার সূচনা হচ্ছে। সোম থেকে শনিবার এই পরিষেবা পাওয়া যাবে। শিয়ালদা থেকে দুপুর ৩-৩৫ মিনিটে ছেড়ে ট্রেনটি কল্যাণী পৌঁছবে ৪-টে ৫২ মিনিটে। ফিরতি পথে বিকেল পাঁচটা দুই মিনিটে কল্যাণী থেকে ছেড়ে সঙ্গে ৬-টা ২০ মিনিটে শিয়ালদা পৌঁছবে ট্রেনটি।

এদিকে, শিয়ালদা - কৃষ্ণনগর AC লোকাল আগামী ৭-ই ডিসেম্বর থেকে
বিবারণেও চলবে।

oooooooooooooooooooooooooooo

এরাজ্য ওয়াকফ সম্পত্তি নথিভুক্তিকরণের সময়সীমা বাড়ানোর দাবি জানিয়ে
কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী কেন্দ্রের সংখ্যালঘু বিষয়ক মন্ত্রীকে চিঠি দিয়েছেন।

চিঠিতে তিনি উল্লেখ করেছেন, বহু ওয়াকফ সম্পত্তি শিক্ষা, সামাজিক উন্নয়ন ও ধর্মীয় কাজে ব্যবহৃত হলেও ওইসব সম্পত্তির পর্যাপ্ত নথি নেই।

তাছাড়া, এরাজ্য সম্পত্তি নথিভুক্তিরণের ক্ষেত্রে সবচেয়ে বেশী সমস্যার সম্মুখীন হচ্ছে।
তাই সময়সীমা ৬'ই ডিসেম্বর থেকে বাড়ানোর আর্জি জানিয়েছেন অধীরবাবু।

oooooooooooooooooooooooooooo

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা গতকালের তুলনায় কিছুটা কমেছে। সকালে
সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৭.৭ সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে এক ডিগ্রি
বেশি। আগামী ৩-৪ দিনে ধীরে ধীরে তাপমাত্রা কমবে। উত্তরবঙ্গে দুই থেকে তিন ডিগ্রি
এবং দক্ষিণবঙ্গে তিন থেকে চার ডিগ্রি তাপমাত্রা হ্রাস পাওয়ার সম্ভাবনা। আগামীকাল
গঙ্গায় পশ্চিমবঙ্গের জেলাগুলিতে সকালের দিকে কুয়াশা থাকবে। যার ফলে দৃশ্যমানতা
কিছুটা কমবে বলে আলিপুর আবহাওয়া দণ্ডর জানিয়েছে।